আরপি	রিপেম্যান্ট পিরিয়ড/ পরিশোধ কাল	যে সময়ব্যাপী ঋণের সুদাসল অথবা আসল পরিশোধ করা হয় সে সময়কে পরিশোধ কাল বলা হয়। গ্রেস পিরিয়ডের পর থেকেই পরিশোধ কাল গণনা শুরু হয়।
এলপি	লোন পিরিয়ড/ ঋণের সময়	ঋণ পরিশোধকাল এবং গ্রেস পিরিয়ড উভয়ের সমষ্টিকে ঋণের সময় বলা হয়।
এম আর	মোড অব রিপেম্যান্ট/ প্রদেয় কিস্তির ধরণ	বাৎসরিক কত কিস্তিতে ঋণ পরিশোধিত হবে তাকে মোড অব রিপেম্যান্ট বা প্রদেয় কিস্তির ধরণ বলা হয়। সাধারণত: বাৎসরিক, অর্ধ-বার্ষিকী এবং ত্রৈমাসিক কিস্তিতে ঋণ পরিশোধিত হয়ে থাকে।
ডি এফ	ফলিং ডেটস/ পরিশোধের তারিখ	পরিশোধসূচি অনুসারে যে নির্ধারিত তারিখে/ তারিখসমূহে ঋণের সুদাসল/ আসল পরিশোধযোগ্য হয় বা করা হয় তাকে পরিশোধের তারিখ বলা হয়।
আর আই	রেট অব ইন্টারেস্ট/ সুদের হার	ঋণের অর্থ ব্যবহারের দামই সুদ। ছাড়কৃত ঋণের আসল/ অপরিশোধিত ঋণের আসলের উপর শতকরা হারে সুদ চার্জ করা হয়।
আর পি আই	রেট অব পেনাল ইন্টারেস্ট/ দন্ড সুদের হার	প্রদেয় ঋণের পরিমাণ সুচি অনুসারে সময়মতো পরিশোধ না করলে তার উপর সুদের অতিরিক্ত আরোপিত সুদকে দন্ড সুদ বলা হয়। এটি শতকরা হারে হিসাব করা হয়।
আর ই আর পি	রেট অব এক্সচেঞ্জ রিস্ক প্রিমিয়াম	বৈদেশিক ঋণের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রার বিনিময় হার উঠানামার কারণে সম্ভাব্য ঝুঁকি এড়ানোর নিমিত্ত নির্ধারিত সুদের অতিরিক্ত আসলের উপর আরোপিত চার্জকে এক্সেঞ্জ রিস্ক প্রিমিয়াম বলা হয়। এটিও শতকরা হারে হিসাব করা হয়।
এন ডি	নট ডিউ/ মেয়াদ অনুত্তীর্ণ	ছাড়কৃত ঋণের যে অংশ কোন নির্ধারিত তারিখে পরিশোধসূচি অনুযায়ী পরিশোধযোগ্য হয়নি তাকে মেয়াদ অনুত্তীর্ণ ঋণ বলা হয়।
এ ডি	এমাউন্ট ডিউ/ প্রদেয়	পরিশোধসূচি অনুযায়ী আসল ও সুদের যে পরিমাণ অর্থ কোন নির্ধারিত তারিখে পরিশোধযোগ্য হয় তাকে এমাউন্ট ডিউ বা প্রদেয় বলা হয়।
ও ডি	ওভারডিউ/ মেয়াদোত্তীর্ণ	পরিশোধসূচি অনুসারে নির্ধারিত তারিখ উত্তীর্ণ হওয়ার পর প্রদেয় অর্থের যে পরিমাণ অপরিশোধিত থাকে তাকে ওভারডিউ বা মেয়াদোত্তীর্ণ বলা হয়।
টিপিও	টোটাল প্রিন্সিপাল আউটস্ট্যান্ডিং/ মোট বকেয়া	মেয়াদোত্তীর্ণ ও মেয়াদ অনুত্তীর্ণ আসলের মোট পরিমাণকে মোট বকেয়া বলা হয়।

(শেখ মোহাম্মদ সলীম উল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ

২.৬.২ ডিএসএল সংশ্লিষ্ট Terminology (পরিভাষা) -সমূহের ইংরেজী টিকা ঃ